ভোরের কাগজ

22 JAN 2003

তারিখ 22 JAN 2003
পৃষ্ঠা 2 কলাম 6

# রাজশাহীতে কলেজে সন্ত্রাসীদের হামলা, অধ্যক্ষসহ ৫ শিক্ষক-কর্মচারী আহত

রাজশাহী প্রতিনিধি : রাজশাহী মোহনপুর ডিগ্রি কলেজে গতকাল সকালে একদল সন্ত্রাসী সশস্ত্র হামলা চালালে অধ্যক্ষসহ ৫ জন শিক্ষক কর্মচারী আহত হয়েছেন। আহতদের মধ্যে অধ্যক্ষ আনিসুর রহমানের শরীরে গুরুতর জখম হয়েছে। তিনি সন্ত্রাসীদের ভয়ে হাসপাতালে চিকিৎসা না নিয়ে বাড়িতে চিকিৎসা নিচ্ছেন।

ঘটনার পূর্বেই সন্ত্রাসীদের হামলার প্রস্তুতির কথা স্থানীয় পুলিশকে অবহিত করা হলেও পুলিশ কোনোই ব্যবস্থা গ্রহণ করেনি বলে অভিযোগ করেছেন শিক্ষক-কর্মচারীরা।

কলেজ অধ্যক্ষ জানান, এইচএসসিতে ভর্তিচ্ছুদের ৫০ জনের একটি তালিকা অনুযায়ী ভর্তি করাতে ব্যর্থ হলে সন্ত্রাসীরা এই হামলা চালায়। স্থানীয় সূত্র জানায়, সন্ত্রাসীরা তালিকাভুক্ত ভর্তিচ্ছু ছাত্রদের কাছ থেকে মোটা অঙ্কের অর্থ হাতিয়ে নেওয়ার পর অধ্যক্ষের কাছে ভর্তির তদ্বির করে আসছিল। এ ব্যাপারে থানায় মামলা হয়েছে।